তারিখ ... 08-JAN 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 9 ...

দৈনিক বাংলা

164

# জাতীয় পার্টিকে নির্বাচনে অংশ নিতে দেয়া হবে না ঃ ছাত্র ঐক্য

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

সর্বদলীয় ছাত্র ঐক্য ঘোষণা করেছে যে ক্ষমতাচ্যুত জাতীয় পার্টিকে গণতান্ত্রিক অধিকারের নামে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে দেয়া হবে না।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার সামনে অনুষ্ঠিত এক সমাবেশে এ ঘোষণা দেয়া হয়। এরশাদ ও তার সহযোগীদের রাজনীতি নিষিদ্ধ ঘোষণা এবং তাদের গ্রেফতার

(৫-এর পৃঃ দ্রঃ)

## ছাত্র ঐক্য

(প্রথম পৃঃ পর)

ও বিচারের দাবীতে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তৃতা করেন ডাকসুর জিএস খায়রুল কবীর খোকন, ছাত্রলীগ (হা-অ) সভাপতি হাবিবুর রহমান হাবিব, ছাত্রলীগ (না-শ) সভাপতি নাজমুল হক প্রধান এবং জাতীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক কামাল হোসেন।

সমাবেশে খায়রুল কবীর খোকন বলেন, যারা গত নয় বছরে দুর্নীতি-লুটপাটের মাধ্যমে দেশকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছে তারা এখনো বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। পুলিশ এখনো তাদের গ্রেফতার করেনি। তিনি হুঁশিয়ারী উচ্চারণ করে বলেন, পুলিশ যদি ব্যবস্থা নিতে ব্যর্থ হয় তবে সর্বদলীয় ছাত্র ঐক্য ঘেরাও অভিযান শুরুকরবে।

খায়রুল কবীর খোকন নেতা-নেত্রীদের প্রতি কাদা ছোঁড়াছুড়ি বন্ধের আহবান জানিয়ে বলেন, সবাইকে সহনশীলতার পরিচয় দিতে হবে।

হাবিবুর রহমান হাবিব বলেন, বিজয়কে নস্যাৎ করার ষড়যন্ত্র শুরু হয়েছে। জাতীয় পার্টি আবার মাথাচাড়া দিচ্ছে। তিনি হুঁশিয়ারী উচ্চারণ করে বলেন, বাংলার মাটিতে এরশাদের সহযোগীদের ঠাঁই হবে না। হাবিব জাতীয় পার্টির লোকদের কোন দলে আশ্রয় না দেয়ার আহবান জানিয়ে বলেন; যদি আওয়ামী লীগেও তারা আশ্রয় নেয় তবে আমরা আওয়ামী লীগের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করব।

নাজমুল হক প্রধান বলেন, যদি আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী তাদের দায়িত্ব পালন না করে তবে আমরা নিজেরাই ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হব। তিনি বলেন, আমাদের সে কাজে বাধ্য করবেন না। তিনি সরকারী অর্থ অপচয়ের জন্য মিজান চৌধুরীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবী জানান।

কামাল হোসেন বলেন, মিজান চৌধুরীর বাসায় এরশাদের দালাল মন্ত্রীরা বৈঠক করছে অথচ তাদের গ্রেফতার করা হচ্ছে না। পুলিশ প্রশাসন ব্যর্থতার পরিচয় দিচ্ছে। এই ব্যর্থতা ক্ষমা করা হবে না।

সমাবেশে অবিলম্বে এরশাদকে জেলে প্রেরণ, তার সকল সহযোগীকে গ্রেফতার, অবৈধ অস্ত্র উদ্ধার এবং ৭২ ঘন্টার মধ্যে মিলনের হত্যাকারীদের গ্রেফতার করার দাবী জানানো হয়।

সমাবেশ শেষে সর্বদলীয় ছাত্র ঐক্যের একটি বিক্ষোভ মিছিল জাতীয় প্রেসক্লাবের সামনে এসে শেষ হয়।

### খুলনা

খুলনা, ৭ই জানুয়ারী।- খুলনা থেকে নিজস্ব প্রতিনিধি জানান, সর্বদলীয় ছাত্র ঐক্যের কেন্দ্রীয় কর্মসূচী অনুযায়ী খুলনা নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আজ বিক্ষোভ মিছিল হয়। সরকারী আজম খান বাণিজ্য বিশ্ববিদ্যালয় কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত প্রধান সমাবেশে বক্তব্য রাখেন বিনয় কুমার কুণ্ডু, সরোয়ার আহমেদ কাজল, কার্তিক চক্রবর্তী, গোলাম মোস্তফা, শওকত মাহমুদ চৌধুরী প্রমুখ।